

অধিবেশনের লক্ষ্য

ধানগাছের অঙ্গ পরিচিতি ও আকৃতিগত বৈশিষ্ট্য সম্পর্কে অংশগ্রহণকারীদের অবগত করা।

অধিবেশনের উদ্দেশ্য

▶ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণঃ

ধানগাছের অঙ্গ পরিচিতি ও আকৃতিগত বৈশিষ্ট্য, জীবনচক্রের বিভিন্ন পর্যায় ও স্তর সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন।

সময়	বিষয়বস্তু	পদ্ধতি
------	------------	--------



সহায়তাকারী ব্যাখ্যা করুন

মডিউল ৩-এ চারটি ফ্যাক্ট শীট আছে। প্রথমটি ধানগাছের অঙ্গ পরিচিতি ও বৈশিষ্ট্য এবং দ্বিতীয়টি ধানগাছের জীবনচক্রের বিভিন্ন পর্যায় ও স্তর। ধানের সুষ্ঠু পরিচর্যা ও অধিক ফলনের জন্য গাছের বিভিন্ন অঙ্গের কার্যক্রম এবং জীবনচক্রের বিভিন্ন পর্যায় ও স্তর সম্পর্কে সঠিক ধারণার প্রয়োজন। কারণ ধানের সার, পানি, রোগবালাই ও পোকা-মাকড় গাছের জীবন চক্রের বিভিন্ন স্তরের উপর নির্ভরশীল। উক্ত ফ্যাক্ট শীটে এ সম্পর্কে বিস্তারিত দেয়া আছে।

তাছাড়া ধান বীজ সুপ্ত অবস্থায় থাকলে অংকুরোদগম হবে না। উক্ত ফ্যাক্ট শীটে বীজের সুপ্ততার কারণ এবং কিভাবে সুপ্ততা ভাঙ্গানো যায় তার বিস্তারিত বিবরণ দেয়া আছে। সর্বশেষ ফ্যাক্ট শীটে অংকুরোদগমের প্রয়োজনীয়তা এবং অংকুরোদগম পরীক্ষার বিভিন্ন পদ্ধতির বিস্তারিত বর্ণনা দেয়া আছে।



সময় ৯০ মিঃ

মালটিমিডিয়া দেখান

মডিউল ৩: ধান গাছের জীবনচক্র

ফ্যাক্ট শীট ১ : ধানের অঙ্গ পরিচিতি ও বৈশিষ্ট্য

ফ্যাক্ট শীট ২ : ধানের জীবনচক্রের বিভিন্ন ধাপ ও স্তর

ফ্যাক্ট শীট ৩ : ধান বীজের সুপ্ততা

ফ্যাক্ট শীট ৪ : ধান বীজের অংকুরোদগম

